

রোপা আমন খান চাষে সার ব্যবস্থাপনা

ভাল ফলনের জন্য সার ব্যবহারের প্রয়োজনীয়তা অপরিসীম। আবহাওয়া ও মাটির উর্বরতার মান যাচাই এবং ধানের জাত, জীবনকাল ও ফলন মাত্রার উপর ভিত্তি করে সারের মাত্রা ঠিক করা হয়।

সারণী ১. ধানের বৈশিষ্ট্য ও জাত অনুসারে সার ব্যবস্থাপনা

ধানের বৈশিষ্ট্য	জাতের নাম	সারের মাত্রা (কেজি / বিঘা)
আলোক-অসংবেদনশীল দীর্ঘ ও মধ্যম মেয়াদি জাত (>১১৮দিন)	বিআর২৫, ব্রি ধান৩২, ব্রি ধান৩৩, ব্রি ধান৩৯, ব্রি ধান৪৯, ব্রি ধান৭০, ব্রি ধান৭২, ব্রি ধান৮০	ইউরিয়া- ডিএপি/টিএসপি-এমওপি-জিপসাম যথাক্রমে ২৬-৮-১৪-৯
আলোক-অসংবেদনশীল স্বল্প মেয়াদি জাত (<১১৮দিন)	ব্রি ধান৫৬, ব্রি ধান৫৭, ব্রি ধান৬২, ব্রি ধান৬৬, ব্রি ধান৭১, ব্রি ধান৭৫	ইউরিয়া- ডিএপি/টিএসপি-এমওপি-জিপসাম যথাক্রমে ২০-৭-১১-৮
নাবীতে রোপনকৃত আলোক-সংবেদনশীল জাত	বিআর২২, বিআর২৩, ব্রি ধান৪৬	ইউরিয়া- ডিএপি/টিএসপি-এমওপি-জিপসাম যথাক্রমে ২৩-৯-১৩-৮
স্বল্প আলোক-সংবেদনশীল ও সুগন্ধিজাত	ব্রি ধান৩২, বিআর৫, ব্রি ধান৩৪, ব্রি ধান৩৭ ও ব্রি ধান৩৮	ইউরিয়া- ডিএপি/টিএসপি-এমওপি-জিপসাম যথাক্রমে ১২-৭-৮-৬

সার প্রয়োগ পদ্ধতি:

- আলোক-অসংবেদনশীল দীর্ঘ ও মধ্যম মেয়াদি জাতে জমি তৈরির শেষ চাষে সমুদয় ডিএপি/টিএসপি, এমওপি ও জিপসাম প্রয়োগ করতে হবে। ইউরিয়া সমান ভাগে তিন কিস্তিতে প্রয়োগ করতে হবে। ১ম কিস্তি চারা রোপনের ৭-১০ দিন পর, ২য় কিস্তি চারা রোপনের ২৫-৩০ দিন পর এবং ৩য় কিস্তি কাইচ খোড় আসার ৫-৭ দিন পূর্বে প্রয়োগ করতে হবে (ছবি ১)।



ছবি ১

- আলোক-অসংবেদনশীল স্বল্পমেয়াদি জাতে জমি তৈরির শেষ চাষে ১/৩ অংশ ইউরিয়া এবং সমুদয় ডিএপি/টিএসপি, এমওপি ও জিপসাম প্রয়োগ করতে হবে। বাকি ইউরিয়া সমানভাগে দুই কিস্তিতে প্রয়োগ করতে হবে। ১ম কিস্তি চারা রোপনের ১০-১৫ দিন পর এবং ২য় কিস্তি কাইচ খোড় আসার ৫-৭ দিন পূর্বে প্রয়োগ করতে হবে (ছবি ২)।



ছবি ২

- নাবীতে রোপনকৃত আলোক-সংবেদনশীল জাতে জমি তৈরির শেষ চাষে ২/৩ অংশ ইউরিয়া এবং সমুদয় ডিএপি/টিএসপি, এমওপি ও জিপসাম প্রয়োগ করতে হবে। বাকি ইউরিয়া কাইচ খোড় আসার ৫-৭ দিন পূর্বে প্রয়োগ করতে হবে (ছবি ৩)।
- ডিএপি সার ব্যবহার করলে সবক্ষেত্রেই প্রতিকেজি ডিএপি সারের জন্য ৪০০ গ্রাম ইউরিয়া কম ব্যবহার করলেই হবে এতে গাছ শক্ত হয়, রোগবালাই, পোকামাকড়ের আক্রমণ কম হয়।

ছবি ৩

- স্বল্প আলোক-সংবেদনশীল সুগন্ধিজাত ও ব্রি ধান৩২ চাষে জমি তৈরির শেষ চাষে ১/৩ অংশ ইউরিয়া এবং সমুদয় ডিএপি/টিএসপি, এমওপি ও জিপসাম প্রয়োগ করতে হবে। বাকি ইউরিয়া সমানভাগে দুই কিস্তিতে প্রয়োগ করতে হবে। ১ম কিস্তি চারা রোপনের ২৫-৩০ দিন পর এবং ২য় কিস্তি কাইচ খোড় আসার ৫-৭ দিন পূর্বে প্রয়োগ করতে হবে (ছবি ৪)।

ছবি ৪

সামগ্রী সার ব্যবহারে কয়েকটি প্রযুক্তি

- রোপা আমন ধানের জমি তৈরির সময় বিঘাপ্রতি (৩৩ শতক) ৩০০ কেজি জৈব সার যেমন-ধইঋগা, আবর্জনা পচা সার, পচা গোবর, নাইট্রোজেন ফিল্মিং ব্যাকটেরিয়া ব্যবহার করলে রাসায়নিক সারের ব্যবহার শতকরা ২০-৩০ ভাগ কমানো সম্ভব।

- ছিপছিপে পানিযুক্ত কাদামাটিতে ২ সেমি. গভীরে গুটি ইউরিয়া কিংবা দানাদার ইউরিয়া প্রয়োগের মাধ্যমে শতকরা ২৫-৩০ ভাগ ইউরিয়া সাশ্রয় করা যায়।
- জোয়ার-ভাটা অঞ্চলে গুটি ইউরিয়ার ব্যবহার করে ভালো ফলন পাওয়া যায়।



বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন

মৃত্তিকা বিজ্ঞান বিভাগ

বাংলাদেশ খান গবেষণা ইনস্টিটিউট,

গাজীপুর-১৭০১।

ফোনঃ ৮৮০-২-৪৯২৭২০০৫-৯, ৪৯২৭২০১০-৩৮

ফ্যাক্সঃ ৮৮০-২-৪৯২৭২০০০

প্রকাশনায়

ড. উম্মে আমিনুন নাহার, পিএসও

ড. এ টি এম সাখাওয়াত হোসেন, এসএসও

ড. মো: রফিকুল ইসলাম, সিএসও (চ.দা.) এবং প্রধান

মৃত্তিকা বিজ্ঞান বিভাগ

বাংলাদেশ খান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১

